উপজেলা পরিষদ কার্যালয়

আটপাড়া, নেত্রকোণা

## উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শাহ্নূর রহমান, প্রশাসক, উপজেলা পরিষদ

ও

উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা

সভার তারিখ : ২৯.০৯.২০২৫ খ্রি.

সময় : দুপুর ১২.০০ টা।

সভার স্থান : উপজেলা পরিষদ হল রুম।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক, খ দ্রষ্টব্য

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় পরবর্তীতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপ উপজেলার বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রমের উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি আরও জানান আগামী ১২ অক্টোবর থেকে টাইফয়েড টীকার ক্যাম্পেইন শুরু হবে এবং অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান এ্যাম্বুল্যান্সের ড্রাইভার না থাকার কারণে এ্যাম্বুল্যান্সের সেবা বন্ধ আছে। হাসপাতালে মেডিকেল অফিসার আছে মাত্র ০৪ জন। উক্ত ০৪ জন মেডিকেল অফিসার দিয়ে জরুরি বিভাগ, আন্ত:বিভাগ ও বহি:বিভাগে সেবা কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। রেডিও গ্রাফার না থাকার কারণে এক্সরে সেবা বন্ধ রয়েছে। তাছাড় হাসপাতালের সামনের রাস্তায় গাছপালা থাকার কারণে হাসপাতালে জরুরি মেডিসিন সরবরাহে নিয়োজিত গাড়ী চলাচলে সমস্যা হয়। গাছের ডালপালা কর্তনের জন্য অনুরোধ জানান। | ক) রোগীদের সেবার মান বাড়াতে এবং সেবা প্রার্থীদের ভোগান্তি কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>গ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে শিশুদের টিকা প্রদানের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, আটপাড়া। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে রোপা আমনের লক্ষ্যমাত্রা ছিলো ১০৭১০ হেক্টর। অর্জিত হয়েছে ১০৬৮০ হেক্টর। আমন ধান কাটার পরে সরিষা আবাদ বৃদ্ধির জন্য কৃষি বিভাগ কাজ করে যাচ্ছে।তিনি আরও জানান রবি মৌসুমে সার সংকট যাতে না হয় সেলক্ষ্যে বোরো ধান আবাদ, রবি ফসল ও সরিষা আবাদ বৃদ্ধির জন্য ৮০০ মে.টন ডিএপি ও ৬০০ মে.টন এমওপি অতিরিক্ত সারের চাহিদা প্রেরণ করা হয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের নিয়মিত প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে এবং সার মজুদ সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কৃষকদের পুষ্টির চাহিদা মিটানোর জন্য বাড়ি বাড়ি উঠানে সবজি চাষে উদ্বুদ্ধ করতে হবে।<br>(ঘ) প্রত্যেক মাসে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থ বছরে পশুর ভ্যাক্সিনের পর্যাপ্ত যোগান রয়েছে। তার দপ্তরের সকল কাজ- চিকিৎসা, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং, কৃত্রিম প্রজনন, ঘাস চাষসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া হাঁসমুরগি, কবুতরের পক্স, রানীক্ষেত্র ভ্যাক্সিনের সরবরাহ পর্যাপ্ত আছে। রোগ ব্যাধি নিয়ন্ত্রণে সব ধরণের পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্ষাকালে ঘাস চাষের জন্য উপযুক্ত সময়। অত্র অফিস হতে নেপিয়ার ঘাসের কাটিং সংগ্রহের সুযোগ রয়েছে। | গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়িদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় প্রাতিষ্ঠানিক পুকুর ও উন্মুক্ত জলাশয়ে ৫০৭ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। ৩০ জন মৎস্য চাষীকে মৎস্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মৎস্য সংরক্ষণ আইনে ০২টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হয়েছে। ০৩টি মৎস্য খাদ্যের দোকান মনিটরিং করা হয়েছে এবং মেয়াদোত্তীর্ণ খাবার না রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি জানান | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) নিষিদ্ধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল ব্যবহারকারীদের | উপজেলা মৎস্য অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | আটপাড়া উপজেলার হাওরগুলো আগাম শুকিয়ে যায়। ফলে দেশীয় প্রজাতির মাছ হারিয়ে যাচ্ছে। তিনি হাওরগুলো খনন করার জন্য অনুরোধ জানান। | বিরুদ্ধে অভিযান পরিচালনা করে সভায় অবহিত করতে হবে | |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তবে জন্মনিয়ন্ত্রণ সমাগ্রীর ঘাটতি রয়েছে। এবিষয়ে অধিদপ্তরকে অবহিত করা হয়েছে এবং জন্মনিয়ন্ত্রণ সমাগ্রী সরবরাহের ব্যবস্থা করা হবে মর্মে আশ্বাস প্রদান করা হয়েছে। জন্ম নিবন্ধন ও গর্ববতী তালিকা নিয়মিতভাবে আপডেট করা হচ্ছে। এছাড়াও মাতৃত্বকালীন সেবা গর্ভবতী সেবা, প্রসব সেবা, কিশোর কিশোরী সেবা, কাউন্সিলিং সেবা, ও প্রসবের সেবা চলমান আছে। | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রম সভায় অবহিত করতে হবে।<br>(খ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গর্ভবতী মায়ের তথ্যদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৬. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের অফিস ভবনের ছাদ দিয়ে পানি পাড়ায় ছাদটি জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত ছাদটি মেরামত করার জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রকল্পের কাজ ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা রজস্ব তহবিলের বাসাবাড়ী ও অফিস ভবন মেরামত খাত হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ দ্বারা পিআইসির মাধ্যমে বাস্তবায়নের করে বিল পরিশোধ করার জন্য প্রস্তাব করা হয়। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা রজস্ব তহবিলের বাসাবাড়ী ও অফিস ভবন মেরামত খাত হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বরাদ্দ দ্বারা উপজেলা পরিষদের অফিস ভবনের ছাদ মেরামত পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করে বিল পরিশোধ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া |
| ৭. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি জানান সমগ্রদেশে নিরাপদ ও পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থবছরের ১৩০টি গভীর নলকূপের মধ্যে ১১০টি নলকূপের স্ট্রাকচার নির্মাণ করা কাজ সম্পন্ন হয়েছে। তেলিগাতী ইউনিয়নে over head water task নির্মাণ কাজের মূল পাইপড লাইন স্থাপন শেষ হয়েছে। হাউজ কানেকশন এর কাজ চলমান। তিনি আরও জানান বন্যা প্রকল্পের আওতায় হাই রাইজড প্লাটফর্মসহ ৬০টি গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। তিনি জানান ০২টি পাবলিক টয়লেট নির্মাণ করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। তার মধ্যে ০১টি টয়লেট উপজেলা পরিষদ বিদ্যানিকেতন এ নির্মাণের কাজ চলমান রয়েছে। অন্যটি অভয়পাশা বাজারে টয়লেট নির্মাণ জায়গা সংক্রান্ত জটিলায় নির্মাণ করা সম্ভব হচ্ছে না।<br>তিনি জানান সমগ্রদেশে নিরাপদ পানি সরবাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বাস্তবায়নের লক্ষ্যে পানির উৎস প্রতি ইউনিয়নে ১২ টি করে অত্র উপজেলায় ৭ টি ইউনিয়নে মোট ৮৪ টি সাব-মার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বরাদ্দ পাওয়া যায়\| কিন্তু প্রকল্প পরিচালকের কার্যালয়ের ৩০/০৯/২০২৪ খ্রি.তারিখের ৪৮২৩ স্মারকের নতুন সিদ্ধান্ত এবং পরবর্তী সময়ে আটপাড়া উপজেলায় ২ জন উপজেলা নির্বাহী কর্মকর্তা অতি দ্রুত বদলী জনিত কারণে স্থান নির্বাচন চূড়ান্তকরণ অদ্যাবধি সম্ভব হয়নি।<br>তিনি আরও জানান জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আটপাড়া কর্তৃক প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ ও পানির উৎস স্থাপন কাজ সহ বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনঃনির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের কাজ চলমান রয়েছে। | (ক) "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সমগ্রদেশে নিরাপদ পানি সরবাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের এডিপি বাস্তবায়নের লক্ষ্যে পানির উৎস প্রতি ইউনিয়নে ১২ টি করে অত্র উপজেলায় ৭ টি ইউনিয়নে মোট ৮৪ টি সাব-মার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের তালিকা দ্রুত চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত | জনস্বাস্থ্য প্রকৌশল আটপাড়া |
| ৮. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানান চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষন/সংস্কার টিআর/কাবিটা কর্মসূচির ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে ইউনিয়নওয়ারি বিভাজন করে দেওয়া হয়েছে। তিনি প্রকল্পে তালিকা, প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং ইউনিয়ন কমিটির রেজুলেশন জরুরি ভিত্তিতে উপজেলা প্রেরণ করার জন্য ইউপি প্রশাসক ও ইউপি প্রশাসনিক কর্মকর্তাগণকে অনুরোধ জানান। তাছাড়া ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর ও কাবিখা কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহ মনিটরিং এ রাখার জন্য ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণকে অনুরোধ জানান। | (ক) ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর ও কাবিখা কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহ মনিটরিং রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ২০২৫-২০২৬ অর্থবছরের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষন/সংস্কার টিআর/কাবিটা কর্মসূচির ১ম পর্যায়ের বরাদ্দের প্রকল্পে তালিকা, প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং ইউনিয়ন কমিটির রেজুলেশন জরুরি ভিত্তিতে উপজেলা প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া।<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, VWB এর জুলাই-আগস্ট ২০২৫ মাসের চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে এবং সেপ্টেম্বর ২০২৫ মাসের ডিও প্রস্তুত করা হয়েছে। মা ও শিশু গর্ভকালীন ভাতার জুলাই-আগস্ট ২০২৫ মাসের তালিকা | (ক) VWB কার্যক্রমের তালিকা ওয়েব সাইট, ফেইসবুক ও নোটিশ বোর্ডে প্রকাশ করে সভায় অবহিত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অনলাইনে স্ব স্ব ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে করা হয়েছে। | করতে হবে।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউনিয়নে মাসে ১৫ জন করে তালিকা প্রস্তুত করে হার্ডকপি ও সফট কপি প্রতিমাসের ২০-২৫ তারিখের মধ্যে উপজেলায় প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, কাজের স্বাভাবিক ধারা অব্যাহত আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান আছে। তিনি জানান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আওতায় সেপ্টেম্বর ২০২৫ মাসে ৫২তম গ্রীষ্মকালীন আন্তঃস্কুল ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। সেপ্টেম্বর ২০২৫ মাসে প্রতিটি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে দশম শ্রেণির প্রি-টেস্ট পরীক্ষা সম্পন্ন হয়েছে। তাছাড় বিভিন্ন স্কুল ভিজিট করে আগামী বছরের এসএসসি পরীক্ষার ফলাফল উন্নয়নের জন্য এবং এ+ বৃদ্ধির জন্য প্রচেষ্টা চালানোর পরামর্শ প্রদান করা হয়েছে। | (ক) প্রতিমাসে ০২টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে।<br>(খ) মাধ্যমিক পর্যায়ে এমপিও ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন ব্যাংক হিসেবের মাধ্যমে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) শিক্ষা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের বিবরণী পর্যায়ক্রমে সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১১. | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ১০৩ টি সঃ প্রাঃ বিদ্যালয়ের ফিডিং কার্যক্রম শুরু হবে।এ ব্যাপারে ছাত্র সংখ্যা দেওয়া হয়েছে প্রাক প্রাথমিক শ্রেণি-৫ম শ্রেণী পর্যন্ত। ডিসেম্বরে শেষ সপ্তাহে বৃত্তি পরীক্ষা হবে। শুধুমাত্র সঃ প্রাঃ বিদ্যালয়ের ৫মশ্রেনীর শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে। | (ক) বিদ্যালয় খোলার দিন শিক্ষক/ছাত্র-ছাত্রীদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br>(খ) সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও শিক্ষার মান উন্নয়নে নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) উপজেলা শিক্ষা ব্যবস্থাপনা কমিটির সভা করে অত্র সভায় অবহিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১২. | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার ১ম কিস্তির পে-রোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। দ্রুতই উপকারভোগীগণ তাদের ভাতা স্ব স্ব হিসাব নম্বরে পেয়ে যাবে। তিনি আরও জানান আটপাড়া উপজেলায় উপকারভোগীগণ নগদ হিসাব নম্বরে ভাতা পেয়ে আসছিল। চলতি অর্থবছর থেকে উপকারভোগীরা তাদের পছন্দমত মোবাইল অপারেটর নির্বাচন করতে পারবেন। তাছাড়া ক্যান্সার, কিডনীসহ ৬টি জটিল রোগের ৪৮টি আবেদন জেলায় প্রেরণ করা হয়েছে। হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় রোগী কল্যাণ সমিতির মাধ্যমে হাসপাতালে আগত গরীব অসহায় রোগীদের মধ্যে নিয়মিতভাবে ঔষধ বিতরণ চলমান রয়েছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা সমাজ কল্যাণ পরিষদের সভা করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>ঘ) প্রতি ইউনিয়ন হতে ৩ জন করে ভিক্ষুকের নাম প্রেরণ করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩. | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস :</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান সেপ্টেম্বর/২০২৫ মাসে ০৪ জন যুবককে ১,৮০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা করা হয়েছে। উপজেলা পর্যায়ে ১৪টি প্রশিক্ষণ ব্যাচের বরাদ্দ পাওয়া গেছে যা বিভিন্ন ইউনিয়নে অনুষ্ঠিত। ২০২৫-২০২৬ অর্থবছরে অত্র কার্যালয়ে ৬২ জনকে ৮১ লক্ষ টাকা ঋণ বিতরণ করার লক্ষ্যামত্রা নির্ধারণ করা হয়েছে। তাছাড়া তিনি আরও | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জানান বায়োগ্যাস প্রকল্পের মাধ্যমে চলমান অর্থবছরে ২০টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋণ আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় করা হয়। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম চলমান আছে। ২০২৪-২৫ অর্থ বছরে সেপ্টেম্বর মাসে ঋণ বিতরণ হয়েছে ৫.০০ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৪.০০ লক্ষ টাকা। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) সার্টিফিকেট মামলার বিস্তারিত তথ্যাদি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া |
| ১৫. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া শাখাঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান ২০২৫-২০২৬ অর্থবছরে পল্লী সঞ্চয় ব্যাংকের নতুন সদস্য ভর্তি, সঞ্চয় আদায়, ঋণ আদায়, ঋণ বিতরন নিয়মিত চলমান রয়েছে। কিছু কিছু ক্ষেত্রে সমিতির সদস্যগণ ঋণ নিয়ে ঋণ দিতে চায়না। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান তার দপ্তর থেকে ক্ষুদ্র ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, ছোট ছোট, শিল্প ঋণ বিতরণ করা হয়। জুলাই/২৫ মাসে পি.ডি.বি.এফ আটপাড়া কার্যালয় হতে ৪৯.৪৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায়ের হার ৯৯%। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন সহজ শর্তে ঋণ বিতরণ ও সেবা প্রদান করে থাকে। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, গত মাসে আশ্রয়ণ প্রকল্প থেকে ১৩৯৪০/- ঋণ আদায় করা হয়েছে। অডিট ফি বাবদ ১৩৫০/- টাকা আদায় করা হয়েছে এবং সমবায় উন্নয়ন তহিবল বাবদ ৪০৫/- আদায় করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া |
| ১৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্যবান্ধ কর্মসূচি ও ওএমস কার্যক্রম চলমান রয়েছে। আগস্ট মাসের VWB খাতের কোনো ছাড় পত্র পাওয়া যায়নি। জিআর খাতে ৭.০০০ মে.টন চালের ছাড়পত্র পাওয়া গেছে। | খাদ্য বান্ধব কর্মসূচিসহ যাবতীয় বিতরণ কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটপাড়া |
| ১৯. | উপজেলা পরিসংখ্যান অফিসঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান আটাপড়া উপজেলায় বিবিএস কর্তৃক WRI, CPI জরিপের তথ্য সংগ্রহ কাজ সম্পন্ন হয়েছে। | উপজেলা পরিসংখ্যান অফিদের সকল কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আটপাড়া |
| ২০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন : উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা আহ্বান করে কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করতে হবে। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল) ইউপি প্রশাসক (সকল) |
| ২১. | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা : উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে। | প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

<table>
<tr>
<td>২২.</td>
<td><u>হজ্ব বিষয়ক আলোচনা :</u> সভায় জানানো হয় যে, ২০২৬ সালের হজ্ব কার্যক্রমের প্রাথমিক (মূল) নিবন্ধন ২৭ জুলাই থেকে শুরু হয়েছে। এ বছরের প্রাথমিক নিবন্ধন ফি নির্ধারণ করা হয়েছে ৪,০০,০০০ টাকা, যা গত বছর ছিল ৩,০০,০০০ টাকা। এখন থেকেই প্রাথমিক নিবন্ধনের জন্য ৩০,০০০ টাকার পাশাপাশি ৪,০০,০০০ টাকা জমা দিয়ে ২০২৬ এর জন্য পুনঃনিবন্ধন করতে পারবেন। সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমেই নিবন্ধন করতে হবে ১২ই অক্টোবরের মধ্যে। বিষয়টি সাধারণ মানুষের মাঝে প্রচার-প্রচারণা করার জন্য আলোচনা হয়।</td>
<td>২০২৬ সালের হজ্ব কার্যক্রমের বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ইউপি প্রশাসক (সকল)</td>
</tr>
<tr>
<td>২৩.</td>
<td><u>বিবিধ আলোচনা-১:</u> উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদে অবস্থিত বাসাবাড়িতে অবস্থানরত অনেক কর্মকর্তা কর্মচারীগণ যথাযথভাবে ভাড়া কর্তন করেন না এমনকি বিদ্যুৎ বিল পরিশোধ করেনা। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ বাসাবাড়ি বরাদ্দ কমিটির সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।</td>
<td>আগামী মাসে বাসা বরাদ্দ কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>২৪.</td>
<td>বিবিধ আলোচনা-২ :<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের তথ্যাদি :
<table>
<tr><th>ক্রমিক</th><th>ব্যয়ের বিবরণ</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের আগস্ট/২০২৫ মাসের উপজেলা পরিষদের সভা ও আইন-শৃঙ্খলা কমিটির সভার আপ্যায়ন বিল<br>চেক নং-৫০১৯৬৫৪, তারিখ : ০৫/১০/২০২৫</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদের আগস্ট/২০২৫ মাসের আনুষঙ্গিক বিল<br>চেক নং-৫০১৯৬৫৫, তারিখ : ০৫/১০/২০২৫</td><td>৫,০০০/-</td></tr>
</table></td>
<td>উল্লিখিত বিষয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিস</td>
</tr>
<tr>
<td>২৫.</td>
<td>বিবিধ আলোচনা-০৩ : উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা জানান ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পরিষদের অর্থায়নে নিম্নবর্ণিত খাতসমূহের অর্থ দ্বারা অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে নিম্নবর্ণিত সামগ্রী ক্রয় করা আবশ্যক মর্মে অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত খাতসমূহের অর্থ দ্বারা অফিসের প্রয়োজনীয় মালামালসমূহ ক্রয় করার বিষয়ে একমত পোষণ করেন :
<table>
<tr><th>ক্রমিক</th><th>খাতসমূহের নাম</th><th>ব্যয়</th><th>অফিস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রস্তাবিত ক্রয়কৃত মালামালের বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত</td><td>১,০০,০০০/-</td><td>ক্যামেরা ১৫টি ও আনুষঙ্গিক সরঞ্জামাদি</td><td></td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয়</td><td>৩৫,০০০/-</td><td>কম্পিউটার প্রিন্টার-০১টি</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বিল</td><td>২৫,০০০/-</td><td>২০টি চেয়ার মেরামত</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় বিল</td><td>২৫,০০০/-</td><td>০২টি কম্পিউটার মেরামত ও ০১টি ফটোকপিয়ার মেরামত</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা পরিষদের ড্রেন, নালা পরিস্কার পরিচ্ছন্না</td><td>২৫,০০০/-</td><td>-</td><td></td></tr>
</table></td>
<td>উল্লিখিত বিষয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিস</td>
</tr>
<tr>
<td>২৬.</td>
<td>বিবিধ আলোচনা-৪ :<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ১৭ আগস্ট ২০২৫ তারিখে ৪৬.০০.০০০০.০০০.০৪৬.১৮.০১৬২.২৫-২৩৪ নং স্মারকে উপজেল পরিষদের বাসা বরাদ্দ কমিটিতে উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত একজন ১ম শ্রেণির কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা রয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে বিআরডিবি কর্মকর্তাকে সদস্য মনোনীতে করে নিম্নলিখিতভাবে আটপাড়া উপজেলার পরিষদের বাসা বরাদ্দ কমিটি গঠন করার প্রস্তাব করা হয়।<br><u>কমিটি</u>
<table>
<tr><th>ক্রম</th><th>কর্মকর্তার পদবি</th><th>কমিটিতে পদবি</th></tr>
<tr><td>(১)</td><td>উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>(২)</td><td>বিআরডিবি কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৩)</td><td>উপজেলা প্রকৌশলী (এলজিইডি), আটপাড়া, নেত্রকোণা</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td>
<td>উপজেলা পরিষদের বাসা বরাদ্দ কমিটিতে উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত বিআরডিবি কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসা<br><br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি)</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | | |
| ২৭. | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়।<br>তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউপি (সকল) |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহ্নূর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫- ৮০২

তারিখ: ০৬.১০.২০২

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা......................................কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
২. প্রশাসক (সকল)..............................ইউপি, আটপাড়া, নেত্রকোণা
৩. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

CamScanner